গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(ইতিহাস সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা শাখা)
www.molwa.gov.bd

স্মারক নং: ৪৮.০০.০০০০.০১১.১৬.০০১.২৩.১২৭

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১ / ১৫ এপ্রিল ২০২৪

**বিষয়ঃ তথ্য অধিকার বিষয়ক ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত ২০২৩-২০২৪ অর্থবছরে তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি ২০২৪ হতে মার্চ ২০২৪) অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত ছকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

শবনম মুস্তারী রিক্তা
উপসচিব
ও
তথ্য প্রদানকারী কর্মকর্তা
টেলিফোন: ০২-২২৩৩৫৮৪৪২
ই-মেইল: dshis@molwa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃ:আ: উপসচিব, তথ্য অধিকার অধিশাখা)।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
২। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রতিবেদন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তথ্য অধিকার বক্সে আপলোড করার অনুরোধসহ)
৩। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

## তথ্য অধিকার বিষয়ক ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (জানুয়ারি ২০২৪ হতে মার্চ ২০২৪):

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | অসাধারণ লক্ষ্যমাত্রা | একক | ৩য় ত্রৈমাসিক অগ্রগতি | প্রদত্ত প্রমাণক |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক | ০৬ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিকরণ | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | ০৬ | ১০০% | % | ১০০% | সংলাগ-১ ও সংলাগ-২ |
| সক্ষমতা বৃদ্ধি | ১৯ | [২.১] স্বত:প্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [২.১.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | ০৪ | ৩১/১২/২০২৩<br>৩১/০৫/২০২৪ | তারিখ | - | |
| | | [২.২] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [২.২.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | ০৫ | ১৫/১০/২০২৩ | তারিখ | - | |
| | | [২.৩] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [২.৩.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | ০৬ | ০৩ টি | সংখ্যা | ০১ | সংলাগ-৩ |
| | | [২.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [২.৪.১] প্রশিক্ষণ আয়োজিত | ০৪ | ০২ টি | সংখ্যা | ০১ | সংলাগ-৪ |

শবনম মুস্তারী রিক্তা
উপসচিব (ইতিহাস সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

সংলগ্নী-৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(ইতিহাস সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা অধিশাখা)
www.molwa.gov.bd

বিষয়ঃ তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম (তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি)-এর প্রতিবেদন ছক।

সময় কালঃ (০১ জানুয়ারি ২০২৪ হতে ৩১ মার্চ ২০২৪)

| বিবেচ্য সময়ের (অর্থবছরের)মধ্যে প্রাপ্ত সর্বমোট আবেদন সংখ্যা | বিবেচ্য সময়ের মধ্যে নিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা | অনিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা ও নিষ্পত্তি না করার কারণ | নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা | দাবীকৃত নম্বর |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩)=(১)-(২) | (৪) | (৫)=(৪)÷(২)X৬ |
| ৪টি | ৩টি | ১টি (কার্যক্রম চলমান) | ০৩টি | ৬ |

স্বাক্ষর: [signature] ১৫.০৪.২৪

মোবাইল নম্বর: ০১৭১০ ৯৫১১১৭

সিল: শবনম মুস্তারী রিক্তা
উপসচিব (ইতিহাস সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

সংলগ্নী-৫

২০২৩-২০২৪ অর্থবছরে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে জানুয়ারি ২০২৪ হতে মার্চ ২০২৪ পর্যন্ত তথ্য প্রদান কার্যক্রম এর তথ্য
মন্ত্রণালয়ের নামঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

| ক্রমিক নম্বর | আবেদনকারীর নাম ও ঠিকানা | আবেদন প্রাপ্তির তারিখ | সংশ্লিষ্ট শাখায় তথ্য চেয়ে পত্র প্রেরণ | তথ্য প্রদানের তারিখ | তথ্য প্রদানযোগ্য না হলে তা আবেদনকারীকে অবহিতকরণের তারিখ | আপীল আবেদন প্রাপ্তির তারিখ | আপিলের প্রেক্ষিতে তথ্য সরবরাহ | তথ্য কমিশনে অভিযোগ দায়ের এর তারিখ | সমনের তারিখ | আবেদন নিষ্পত্তি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আলী হায়দার<br>শ্রীনগর, মুন্সিগঞ্জ | | | | | ৩০/০১/২০২৪ | ০৬/০২/২০২৪ | | | নিষ্পত্তিকৃত |
| ০২ | বীর মুক্তিযোদ্ধা জনাব নীরেন্দ্র চন্দ্র নাথ<br>সিলেট সদর, সিলেট | ০১/০২/২০২৪ | ০৭/০২/২০২৪ | ২৫/০২/২০২৪ | - | - | - | - | - | নিষ্পত্তিকৃত |
| ০৩ | শক্তিপদ চৌধুরী<br>রহমতগঞ্জ, চট্টগ্রাম | | | | | ০৫/০২/২০২৪ | ২৭/০২/২০২৪ | | | নিষ্পত্তিকৃত |
| ০৪ | মো. ইমদাদুল হক<br>শ্যামলী, ঢাকা | ৩১/০৩/২০২৪ | ০৩/০৪/২০২৪ | কার্যক্রম চলমান | - | - | - | - | - | কার্যক্রম চলমান |

শবনম মুস্তারী রিক্তা
উপসচিব
ফোনঃ ২২৩৩৫৮৪৪২

সংলগ্নী-৩

## তথ্য কি

'তথ্য' অর্থ কোন কর্তৃপক্ষের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব-বিবরণী, প্রকল্প প্রস্তাব আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিত চিত্র, ফিল্ম, ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোনো ইনস্টুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোনো তথ্যবহ বস্তু বা তার প্রতিলিপিও এতে অন্তর্ভুক্ত হবে।

তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট শিট বা নোট শিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

## তথ্য অধিকার কি

তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধানাবলী সাপেক্ষে কোন কর্তৃপক্ষের নিকট হতে নাগরিকের তথ্য প্রাপ্তির অধিকার। কোন নাগরিকের অনুরোধের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তথ্য সরবরাহ করতে বাধ্য থাকবে।

নাগরিকের তথ্য অধিকার নিশ্চিতকরণে প্রচলিত আইন ও বিধি-বিধানসমূহ নিম্নরূপঃ

(১) তথ্য অধিকার আইন, ২০০৯;

(২) তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯;

(৩) তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও চার) প্রবিধানমালা, ২০১০;

(৪) তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০ এবং

(৫) তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত) প্রবিধানমালা, ২০১১

## তথ্যের শ্রেণিবিন্যাস

তথ্য অধিকার আইন অনুযায়ী প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার রয়েছে এবং জনগণের চাহিদা অনুযায়ী এসব তথ্য দিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বাধ্য থাকবে। এ মন্ত্রণালয়ের নিকট যেসব তথ্য রয়েছে, তা চারটি শ্রেণিতে বিভক্ত, যথাঃ-

(১) স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য;
(২) চাহিদা অনুযায়ী প্রকাশযোগ্য তথ্য;
(৩) চাহিদা অনুযায়ী আংশিক প্রকাশযোগ্য তথ্য এবং
(৪) প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্য।

## স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যসমূহ তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী স্বপ্রণোদিতভাবে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwagov.bd) প্রকাশিত থাকবে। প্রকাশযোগ্য কোন তথ্য ওয়েবসাইটে পাওয়া না গেলে এই আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিতভাবে বা ইলেক্টনিক মাধ্যম বা ই-মেইলে অনুরোধ করা যাবে।

## যে সমস্ত তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

কোন নাগরিককে নিম্নলিখিত তথ্যসমূহ প্রদান করা বাধ্যতামূলক নয়, যথাঃ

(ক) কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখণ্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এ ধরণের তথ্য;

(খ) পররাষ্ট্রনীতির কোন বিষয় যার দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সাথে বিদ্যমান সম্পর্ক ক্ষুন্ন হতে পারে এ ধরণের তথ্য;

(গ) কোন বিদেশী সরকারের নিকট হতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;

(ঘ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্থ হতে পারে এ রূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;

(ঙ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্থ করতে পারে এ ধরণের তথ্য;

(অ) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারী আইন, বাজেট বা করহার পরিবর্তন সংক্রান্ত কোন অগ্রিম তথ্য;

(আ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত কোন অগ্রিম তথ্য;

(ই) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোন অগ্রিম তথ্য;

(চ) কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্থ হতে পারে বা অপরাধ বৃদ্ধি পেতে পারে এ ধরণের তথ্য;

(ছ) কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হতে পারে এ ধরণের তথ্য;

(জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হতে পারে এ ধরণের তথ্য;

(ঝ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এ ধরণের তথ্য;

(ঞ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;

(ট) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল এরুপ তথ্য;

(ঠ) তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য;

(ড) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করতে পারে এরূপ তথ্য;

(ঢ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এরূপ তথ্য;

(ণ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;

(ত) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

(থ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে এরূপ তথ্য;

(দ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

(ধ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;

(ন) মন্ত্রিপরিষদ বা, ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষঙ্গিক দলিলাদি এবং উক্তরূপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোন তথ্যঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রিপরিষদ বা ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদ কর্তৃক কোন সিদ্ধান্ত গৃহীত হওয়ার পর অনুরূপ সিদ্ধান্তের কারণ এবং যেসকল বিষয়ের উপর ভিত্তি করে সিদ্ধান্তটি গৃহীত হয়েছে উহা প্রকাশ করা যাবেঃ

## তথ্য প্রদান পদ্ধতি

(ক) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৮ উপ-ধারা (১) এর অধীন তথ্যের অনুরোধ পাওয়ার তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করা হবে।

(খ) অনুরোধের তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উক্ত অনুরোধের তথ্য সরবরাহ করা হবে।

(গ) কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে তিনি তা অনুরোধকারীকে অবহিত করবেন।

(ঘ) ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন অনুরোধকৃত তথ্য কোন ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেফতার এবং কারাগার হতে মুক্তি সম্পর্কিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে সে বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করবেন।

(ঙ কোন ইন্দ্রিয় প্রতিবন্ধী ব্যক্তিকে কোন রেকর্ড বা তার অংশবিশেষ জানানোর প্রয়োজন হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত প্রতিবন্ধী ব্যক্তিকে তথ্য লাভে সহায়তা প্রদান করবেন এবং পরিদর্শনের জন্য যে ধরণের সহযোগিতা প্রয়োজন তা প্রদান করাও এই সহায়তার অন্তর্ভুক্ত বলে গণ্য হবে।

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**
**সম্পর্কিত তথ্যের জন্য যোগাযোগঃ**


দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
শবনম মুস্তারী রিক্তা
উপসচিব (ইতিহাস সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা)
ফোনঃ +৮৮ ০২২২৩৩৫৮৪৪২
মোবাইলঃ ০১৭২০৯৫৬৬৬৭
ই-মেইলঃ dshis@molwa.gov.bd

বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
নুসরাত জাহান
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ +৮৮ ০২৪১০৫৩৬৫২
মোবাইলঃ ০১৭৮৪২৯২৯২৯
ই-মেইলঃ saswelfare2@molwa.gov.bd


# তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এর সংশিস্নষ্ট বিধি ও প্রবিধানমালা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ



মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
www.molwa.gov.bd

শবনম মুস্তারী রিক্তা
(ইতিহাস সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা)
বিষয়ক মন্ত্রণালয়

সংলগ্নী-৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন , সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
প্রশাসন-১ শাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০১.২৫.০০১.২৩.৬০

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০
২৫ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ "তথ্য অধিকার' বিষয়ক ০১ (এক) দিনের প্রশিক্ষণ আয়োজন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে "তথ্য অধিকার" বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণকে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

| ক্রমিক | কর্মকর্তা/ কর্মচারীদের নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ আলী | সিনিয়র সহকারী সচিব (সনদ) |
| ২. | জনাব এ এইচ এম মহসীন রেজা | সহকারী সচিব (বাজেট) |
| ৩. | জনাব মোঃ আবু হারিস মিয়া | সহকারী সচিব (গেজেট) |
| ৪. | জনাব মোঃ আমিনুর রহমান | সহকারী সচিব (প্রশাসন) |
| ৫. | জনাব সৌমিত্র কুমার পাল | সহকারী সচিব (হিসাব ও অডিট) |
| ৬. | জনাব মোঃ সাহেব উদ্দিন | সহকারী সচিব (উন্নয়ন) |
| ৭. | জনাব মোঃ সাইফুল ইসলাম | সহকারী সচিব (আইন) |
| ৮. | জনাব মোঃ কামরুজ্জামান | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ৯. | জনাব মোঃ আব্বাস আলী | ব্যক্তিগত কর্মকর্তা |
| ১০. | জনাব রহমত উল্লাহ | প্রশাসনিক কর্মকর্তা |
| ১১. | মেহেনাজ তাবাসসুম | প্রশাসনিক কর্মকর্তা |
| ১২. | জনাব সামছ আল আহসান | প্রশাসনিক কর্মকর্তা |
| ১৩. | উম্মে হানী | প্রশাসনিক কর্মকর্তা |
| ১৪. | জনাব মোঃ বিপুল হোসেন | প্রশাসনিক কর্মকর্তা |
| ১৫. | জনাব নূর মোহাম্মদ পাপন | প্রশাসনিক কর্মকর্তা |
| ১৬. | জনাব শাহানাজ আক্তার | প্রশাসনিক কর্মকর্তা |
| ১৭. | জনাব মোঃ মহিউদ্দিন | প্রশাসনিক কর্মকর্তা |
| ১৮. | জনাব মোঃ আব্দুল লতিফ | প্রশাসনিক কর্মকর্তা |
| ১৯. | মোসাঃ বিলকিচ আক্তার | ব্যক্তিগত কর্মকর্তা |
| ২০. | জনাব মোঃ কবির হোসেন | ব্যক্তিগত কর্মকর্তা |
| ২১. | বেগম শিরিন সুলতানা | ব্যক্তিগত কর্মকর্তা |
| ২২. | জনাব মোঃ মাহবুব আলম | ব্যক্তিগত কর্মকর্তা |
| ২৩. | জনাব মোঃ রেজাউল করিম | ব্যক্তিগত কর্মকর্তা |
| ২৪. | জনাব মোঃ আজিজুল হক | ব্যক্তিগত কর্মকর্তা |
| ২৫. | আহম্মেদ আলী | সহঃ হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ২৬. | জনাব আবু সাঈদ রেজা | সহকারী লাইব্রেরিয়ান |

২৫-২-২০২৪
শামীম আহমেদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৮৮০২৯৫৭৮৬৪৮
ফ্যাক্স: +88-02-9550127
ইমেইল: dsadmin1@molwa.gov.bd

বিতরণ :

১) সিনিয়র সহকারী সচিব, সনদ শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২) সহকারী সচিব, কল্যাণ শাখা-২, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৩) সহকারী সচিব, গেজেট শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৪) সহকারী সচিব, প্রশাসন-১ শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৫) সহকারী সচিব, বাজেট, হিসাব ও অডিট শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৬) সহকারী সচিব , উন্নয়ন অধিশাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৭) সহকারী সচিব , আইন শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৮) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৯) প্রশাসনিক কর্মকর্তা , আইন শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১০) প্রশাসনিক কর্মকর্তা, আইন শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১১) ব্যক্তিগত কর্মকর্তা , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১২) প্রশাসনিক কর্মকর্তা-১, প্রশাসন-১ শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১৩) ব্যক্তিগত কর্মকর্তা , প্রশাসন-১ শাখা (সংস্থাপন ও প্রশিক্ষণ), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১৪) হিসাব রক্ষক, হিসাব শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১৫) প্রশাসনিক কর্মকর্তা, হিসাব শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১৬) প্রশাসনিক কর্মকর্তা, পরিকল্পনা-১ শাখা , মুক্তিযুদ্ধ

বিষয়ক মন্ত্রণালয়
১৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন - ২ শাখা (সেবা, ক্রয় ও দিবস উদযাপন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১৮) প্রশাসনিক কর্মকর্তা, আইন অধিশাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১৯) প্রশাসনিক কর্মকর্তা, বাজেট শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২০) সহকারী লাইব্রেরিয়ান (অতিরিক্ত দায়িত্ব), বাজেট শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২১) প্রশাসনিক কর্মকর্তা, সনদ শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন - ৩ শাখা (সমন্বয়, কাউন্সিল এবং সুশাসন ও সংস্কার), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২৩) ব্যক্তিগত কর্মকর্তা , অতিরিক্ত সচিব(উন্নয়ন)-এর দপ্তর , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২৪) জনাব মোঃ আজিজুল হক, ব্যক্তিগত কর্মকর্তা।

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০১.২৫.০০১.২৩.৬০/১(৬)

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০
২৫ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) যুগ্মসচিব(প্রশাসন), প্রশাসন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২) যুগ্ম সচিব (গেজেট,প্রত্যয়ন ও সনদ) অধিশাখা, অতিরিক্ত সচিব (গেজেট,প্রত্যয়ন ও সনদ)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৩) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৫) অতিরিক্ত সচিব (আইন), এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৬) অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

২৫-২-২০২৪
শামীম আহমেদ
সিনিয়র সহকারী সচিব

শবনম মুস্তারী রিক্তা
উপসচিব (ইতিহাস সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
প্রশিক্ষণ নং ১৯: তথ্য অধিকার
তারিখঃ ২৭/০২/২০২৪ - ২৭/০২/২০২৪; সময়: ১০:০০ - ০১:০০
হাজিরা শীট

(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

| ক্রমিক | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| | | ২৭/০২/২০২৪ |
| ১ | মোহাম্মদ আলী<br>সিনিয়র সহকারী সচিব | ২৭/০২/২৪ |
| ২ | এ এইচ এম মহসীন রেজা<br>সহকারী সচিব | ২৭/০২/২০২৪ |
| ৩ | মোঃ আবু হারিস মিয়া<br>সহকারী সচিব | ২৭.০২.২০২৪ |
| ৪ | মোঃ আমিনুর রহমান<br>সহকারী সচিব | ২৭/২/২৪ |
| ৫ | সৌমিত্র কুমার পাল<br>সহকারী সচিব | ২৭.২.২০২৪ |
| ৬ | মোঃ সাহেব উদ্দিন<br>সহকারী সচিব | ২৭.০২.২০২৪ |
| ৭ | মোঃ সাইফুল ইসলাম<br>সহকারী সচিব | Saiful ২৭.০২.২০২৪ |
| ৮ | মোঃ কামরুজ্জামান<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | ২৭/০২/২০২৪ |
| ৯ | মোঃ আব্বাস আলী<br>ব্যক্তিগত কর্মকর্তা | ২৭.০২.২০২৪ |
| ১০ | রহমত উল্লাহ<br>ব্যক্তিগত কর্মকর্তা | — |
| ১১ | মেহেনোজ তাবাসসুম<br>প্রশাসনিক কর্মকর্তা | |
| ১২ | মোহাম্মদ সামছু আল আহছান<br>প্রশাসনিক কর্মকর্তা | |
| ১৩ | উম্মে হানী<br>প্রশাসনিক কর্মকর্তা | Uton ২৭/০২/২০২৪ |
| ১৪ | মোঃ বিপুল হোসেন<br>প্রশাসনিক কর্মকর্তা | ২৭/০২/২৪ |
| ১৫ | নূর মোহাম্মদ পাপন<br>প্রশাসনিক কর্মকর্তা | ২৭/০২/২৪ |

(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

| ক্রমিক | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| | | ২৭/০২/২০২৪ |
| ১৬ | শাহানাজ আক্তার<br>প্রশাসনিক কর্মকর্তা | |
| ১৭ | মোঃ মহিউদ্দিন<br>প্রশাসনিক কর্মকর্তা | |
| ১৮ | মো: আব্দুল লতিফ<br>প্রশাসনিক কর্মকর্তা | |
| ১৯ | মোসাঃ বিলকিচ আক্তার<br>ব্যক্তিগত কর্মকর্তা | |
| ২০ | মোঃ কবির হোসেন<br>ব্যক্তিগত কর্মকর্তা | |
| ২১ | শিরিন সুলতানা<br>ব্যক্তিগত কর্মকর্তা | |
| ২২ | মাহবুল আলম<br>ব্যক্তিগত কর্মকর্তা | |
| ২৩ | মো: রেজাউল করিম<br>ব্যক্তিগত কর্মকর্তা | |
| ২৪ | মোঃ আজিজুল হক<br>ব্যক্তিগত কর্মকর্তা | |
| ২৫ | আহাম্মদ আলী<br>সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| ২৬ | মোঃ আবু সাঈদ রেজা<br>সহকারী লাইব্রেরীয়ান | |